**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 26-10-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 A.M.** **Compiling : Priya B.**

**DEO : KB** **NR : Priya B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ আসানসোলে, সাড়ে তিনশ’ কোটি টাকা চিটফান্ড কেলেঙ্কারি মামলায় গ্রেপ্তার মূল অভিযুক্ত তহসিন আহমেদ।

২/ রাজ্যের হাসপাতালগুলির নিরাপত্তা সুনিশ্চিত করতে বেশ কয়েকটি কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে, ‘মন কি বাত’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা, দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৩/ চারদিন ব্যাপী ছট পুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে ‘খারনা’।

# এই উপলক্ষ্যে আগামীকাল ও ২৮ অক্টোবর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করবে।

৪/ উত্তর ২৪ পরগণার গাইঘাটায় বিধ্বংসী অগ্নিকান্ডে ভস্মীভূত একটি তুলোর গুদাম।

৫/ গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, ২-০ গোলে চেন্নাইয়িন এফসিকে হারিয়ে দিয়েছে।

************************************************************************

পশ্চিম বর্ধমানের আসানসোল সাড়ে তিনশো কোটি টাকা চিটফান্ড কেলেঙ্কারির ঘটনায় মূল অভিযুক্ত তহসিন আহমেদকে পুলিশ গ্রেপ্তার করেছে। তৃণমূল কংগ্রেস নেতা শাকিল আহমেদের ছেলে তহসিনকে গতরাতে জুবিলী পার্ক এলাকা থেকে গ্রেফতার করা হয়। সে ঝাড়খন্ডের দিকে পালানোর চেষ্টা করছিল বলে সূত্রের খবর। তাঁর কাছ থেকে উদ্ধার হয়েছে প্রায় তিনশো গ্রাম ওজনের সোনার গয়না।

উল্লেখ্য, আসানসোলের রেলপাড় এলাকায় ট্রেডিং সংস্থা খুলে চড়া সুদের প্রলোভন দেখিয়ে তহসিন একাধিক ব্যক্তির কাছ থেকে টাকা তুলেছিল বলে অভিযোগ। প্রথমে দিকে বিনিয়োগকারীরা লাভবান হলেও, পরে অ্যাকাউন্টে টাকা ঢোকা বন্ধ হয়ে যায়। এরপরই টাকা ফেরতের দাবিতে পুলিশে অভিযোগ দায়ের করেন তারা।

************************

রাজ্যের হাসপাতালগুলির নিরাপত্তা সুনিশ্চিত করতে বেশ কয়েকটি কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এর মধ্যে রয়েছে, নিরাপত্তা কর্মীদের পুলিশি যাচাই বাধ্যতামূলক করা, তাদের হাজিরা খাতা নিয়মিত রক্ষণাবেক্ষণ করা, কোন্ ওয়ার্ডে কাদের দায়িত্ব রয়েছে- সেই তালিকা রাখা, নিরাপত্তা কর্মীদের সচিত্র পরিচয় পত্র আবশ্যিক করা, চিকিৎসকদের ওপর হঠাৎ আক্রমণ হলে তা প্রতিহত করার জন্য নিরাপত্তা কর্মীদের প্রশিক্ষণ বাধ্যতামূলক করা, অগ্নি নির্বাপণ ব্যবস্থার মহড়া, সিসিটিভির মাধ্যমে সার্বিক নজরদারি আরও বৃদ্ধি করা এবং প্রয়োজনে আরও সংখ্যক সিসি ক্যামেরা বসানো।

সাম্প্রতিককালে বিভিন্ন হাসপাতালে চিকিৎসক, রোগী সহ মহিলাদের ওপর নির্যাতনের খবরের পরিপ্রেক্ষিতে মুখ্যসচিব মনোজ পান্থের ডাকা নিরাপত্তা সংক্রান্ত বৈঠকে গতকাল ভার্চুয়ালি যোগ দিয়ে মুখ্যমন্ত্রী আরও জানানা, নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন রিপোর্ট নিয়মিত স্বাস্থ্য ভবনে পাঠাতে হবে। প্রশাসনের শীর্ষ স্তর থেকে হাসপাতালগুলিতে যে নিরাপত্তা পরিকাঠামো তৈরি করে দেওয়া হয়েছে, তা ঠিক মত কাজ করছে কিনা,

হাসপাতালগুলিকে সেব্যাপারে নিয়মিত নজরদারি চালাতে হবে। চিকিৎসক, নার্স এবং হাসপাতাল কর্মীদের জন্য নির্দিষ্ট পোশাকের যাতে কোনো অপব্যবহার না হয় সেদিকেও নজর রাখার কথা বলা হয়েছে।

**********************

চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী সহ সাধারণের সুরক্ষায় রাজ্য সরকার সব সরকারি হাসপাতালে অগ্নি নির্বাপন ব্যবস্থা খতিয়ে দেখে ফায়ার অডিট করার নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম সব মেডিকেল কলেজের অধ্যক্ষ, সুপার ছাড়াও প্রত্যেক জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের আগামী ১০ নভেম্বরের মধ্যে এই ফায়ার অডিট সম্পূর্ণ করে, একুশে নভেম্বরের মধ্যে তার বিস্তারিত রিপোর্ট স্বাস্থ্য ভবনে পাঠানোর নির্দেশ দিয়েছেন। স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, হাসপাতালের ফায়ার সেফটি কমিটিকে পুরো মাত্রায় কাজে লাগানোর পাশাপাশি হাসপাতালের কর্মীদের বিপর্যয় মোকাবিলা বাহিনীর সঙ্গে সমন্বয় রেখে কাজ করার নির্দেশও দেওয়া হয়েছে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

**********************

বাংলাদেশ থেকে আসা শরণার্থীদের নির্ভয়ে CAA-র আওতায় নাগরিকত্ব পাওয়ার জন্য আবেদন জানাতে বলেছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

মালদায় গতকাল সাংবাদিকদের তিনি বলেন, বিজেপির পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন এলাকায় নাগরিকত্ব দেওয়ার জন্য সহায়তা শিবির চালু করা হয়েছে। এক্ষেত্রে নানাভাবে ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে বলে অভিযোগ করেন শ্রী অধিকারী।

( বাইট- শুভেন্দু CAA ৭.৩৫ )

মালদার গাজোলের অন্নপূর্ণা কাননে গতকাল এক বিশেষ অনুষ্ঠানে যোগ দেন বিরোধী দলনেতা এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার।

এরাজ্যে SIR হবে এবং ভুয়ো ও ভুতুরে ভোটারদের নাম বাদ যাবে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর জানিয়েছেন।

( বাইট- শান্তনু ৭.৩৫ )

এদিকে, প্রবীন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, নির্বাচন কমিশনের কাজ হল, ভোটার ত্তালিকায় নাম সংযোজন, সংশোধন ও পরিমার্জন করা।

( বাইট- অধীর ৭-৩৫ )

***********************

ব্রিটিশ আমলে মেদিনীপুরের কুখ্যাত জেলাশাসক বার্জ হত্যাকান্ডের অন্যতম অভিযুক্ত ব্রজকিশোর চক্রবর্তী ও রামকৃষ্ণ রায়ের আত্মোৎসর্গ দিবসে গতকাল জেলার কেন্দ্রীয় সংশোধনাগারে স্বাধীনতা সংগ্রামীদের স্মারক মহাফেজখানার উদ্বোধন হয়েছে। ১৯৩৪ সালের ২৫ শে অক্টোবর এই দুই শহীদের মৃত্যুদন্ড কার্যকর হয়েছিল। পরদিন ২৬ শে অক্টোবর একই ফাঁসীর মঞ্চে এই মামলার আরেক অভিযুক্ত নির্মলজীবন ঘোষের মৃত্যুদন্ড কার্যকর হয়। স্বাধীনতা আন্দোলনের এই অমর শহীদদের আত্মোৎসর্গ দিবসে জেলা সংশোধনাগারে শ্রদ্ধা নিবেদন করা হয় তাঁদের প্রতি।

***********************

চারদিন ব্যাপী ছট পুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে ‘খারনা’। সন্ধ্যায় প্রসাদ গ্রহণের পর শুরু হবে ৩৬ ঘন্টার নিরম্বু উপবাস।

আগামীকাল সন্ধ্যায় নদী, জলাশয়ে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হবে। চতুর্থ দিনে মঙ্গলবার, উদীয়মান সূর্যকে অর্ঘ্য নিবেদনের পর ব্রত উদ্‌যাপন সমাপ্ত হবে।

এই উপলক্ষ্যে গঙ্গা সহ কলকাতা শহরের বিভিন্ন নদ নদী ও জলাশয়ের ঘাটগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি–KMDA স্থায়ী অস্থায়ী মিলিয়ে ৩৯ টি জলাশয়ে ঘাটের ব্যবস্থা করেছে।

দই ঘাট ও তক্তা ঘাট, বাবুঘাট, বাজে কদমতলা সহ বিভিন্ন ঘাটে কলকাতা পুরসভার তরফ থেকে পুণ্যার্থীদের সুবিধায় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

************************

ছট পুজোয় গঙ্গা স্নান এবং দন্ডি উপলক্ষ্যে রাজ্য প্রশাসনের অনুরোধে আগামীকাল ও ২৮ অক্টোবর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করবে। আগামীকাল হাসনাবাদ-BBD, কল্যানী সীমান্ত–মাঝেরহাট, হাসনাবাদ–মাঝেরহাট, বারাসাত–মাঝেরহাট, দত্তপুকুর-মাঝেরহাট এবং নৈহাটি-বালিগঞ্জ লোকাল কলকাতা স্টেশনে যাত্রা শেষ করবে। BBD Bag-কৃষ্ণনগর সিটি লোকাল, মাজেরহাট–নৈহাটি, মাজেরহাট-হাবড়া, মাঝেরহাট–বারাসাত, বালিগঞ্জ-ব্যারাকপুর কলকাতা স্টেশন থেকে যাত্রা শুরু করবে। নৈহাটি-মাঝের হাট লোকাল ঘুর পথে চলবে এবং শিয়ালদা নর্থ স্টেশনে যাত্রা শেষ করবে।

গ্যালোপিং লোকাল বালিগঞ্জ ষ্টেশন থেকে ছাড়বে এবং বালিগঞ্জ-কাঁকুড়গাছি রোড হয়ে চলবে। শিয়ালদা-BBD BAG, BBD Bag–শিয়ালদা, মাজেরহাট-বারাসাত, BBD বাগ-বারুইপুর, শিয়ালদা–ব্যারাকপুর, BBD Bag-ব্যারাকপুর ও ব্যারাকপুর-BBD Bag, এবং ব্যারাকপুর-শিয়ালদা লোকাল বাতিল থাকছে। আগামী ২৮ অক্টোবর শিয়ালদা-BBD Bag, শিয়ালদা-বরাকপুর লোকাল, BBD বাগ–ব্যারাকপুর, BBD Bag-শিয়ালদা, মাঝেরহাট-

বারাসত লোকাল, ব্যারাকপুর-BBD Bag লোকাল, ব্যারাকপুর-শিয়ালদা লোকাল বাতিল করা হবে বলে রেল সূত্রের খবর।

**********************

ছট পুজো উপলক্ষ্যে পূর্ব রেল আরো একটি অসংরক্ষিত স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। হাওড়া–গোরক্ষপুরের মধ্যে এই অসংরক্ষিত স্পেশাল ট্রেন চলবে। হাওড়া থেকে আজ বিকেল চারটে ৫০ মিনিটে ছেড়ে ট্রেনটি আগামীকাল সকাল ১০ টা ১৫ মিনিটে গোরক্ষপুর পৌঁছবে। অন্যদিকে, আগামীকাল (27.10.25) গোরক্ষপুর থেকে দুপুর ১ টায় ছেড়ে পরদিন সকাল সাড়ে আটটায় গন্তব্যে পৌঁছবে ট্রেনটি।

যাতায়াতের পথে ট্রেনটি ব্যান্ডেল, বর্ধমান, দুর্গাপুর, আসানসোল, চিত্তরঞ্জন, মধুপুর জোসিডি, ঝাঁঝা ইত্যাদি স্টেশনে থামবে বলে রেল সূত্রে জানা গেছে।

**********************

চন্দননগরে জগদ্ধাত্রী পুজো উপলক্ষ্যে পূর্ব রেল আগামী ২৮ অক্টোবর থেকে দোসরা নভেম্বর পর্যন্ত হাওড়া-ব্যান্ডেলের মধ্যে ৫ জোড়া এবং হাওড়া-বর্ধমানের মধ্যে এক জোড়া স্পেশাল ট্রেন চালাবে। ওই সময়কালে প্রতিদিন বিশেষ ট্রেনগুলি, হাওড়া থেকে বিকেল ৫ টা ২০, সন্ধ্যা ৭ টা ৫৫, ৮ টা ৩৫ মিনিট, রাত সাড়ে ১১ টা ও সাড়ে ১২ টায় ব্যান্ডেল অভিমুখে এবং ডাউনের দিকে ব্যান্ডেল থেকে হাওড়া অভিমুখে সন্ধ্যা ৬ টা ৩৫, রাত ৯ টা ২০, ৯ টা৫৫, রাত ১ টায়, ও দুটোয় ছাড়বে।

অন্যদিকে, হাওড়া-বর্ধমান লোকাল ভায়া ব্যান্ডেল হাওড়া থেকে রাত ১ টা ১৫ মিনিটে, এবং বর্ধমান-হাওড়া EMU লোকাল রাত সাড়ে ১০ টায় বর্ধমান থেকে ছাড়বে।

এছাড়া নিরঞ্জনের দিন, আগামী দোসরা নভেম্বর হাওড়া-ব্যান্ডেল-হাওড়া EMU স্পেশাল ট্রেন হাওড়া থেকে রাত দুটো ৩৫ মিনিটে এবং ব্যান্ডেল থেকে ভোর চারটেয় ছাড়বে।

আগামী ২৮ অক্টোবর থেকে পয়লা নভেম্বর পর্যন্ত মসাগ্রাম-হাওড়া লোকাল বাতিল থাকবে।

**********************

ছট পুজো উপলক্ষে আগামীকাল মেট্রো রেল ব্লু এবং গ্রীন লাইনে বিশেষ ট্রেন চালাবে। ব্লু লাইনে দক্ষিণেশ্বর ও শহীদ ক্ষুদিরামের মধ্যে আপ ও ডাউনে মোট ২৩৬টি এবং হাওড়া ময়দান ও সেক্টর ফাইভের মধ্যে গ্রীন লাইনে মোট ১৮৬টি ট্রেন চলবে বলে মেট্রোর তরফে জানানো হয়েছে।

তবে, অরেঞ্জ, পার্পল ও ইয়ালো লাইনে অন্যান্য দিনের মতোই ট্রেন চলাচল করবে।

**********************

যাত্রী সুবিধার্থে ও ট্রেন চলাচলে গতি আনতে আগামীকাল (২৭ অক্টোবর) থেকে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বিধাননগর স্টেশনে চার জোড়া মেল এক্সপ্রেস ট্রেনের স্টপেজ তুলে দেওয়া হচ্ছে।

এই ট্রেনগুলি হল শিয়ালদা-জয়নগর গঙ্গাসাগর এক্সপ্রেস, শিয়ালদা-বামনহাট উত্তরবঙ্গ এক্সপ্রেস, শিয়ালদা-আলিপুরদুয়ার কাঞ্চনকন্যা এক্সপ্রেস, শিয়ালদা-মালদা টাউন গৌড় এক্সপ্রেস।

**********************

উত্তর ২৪ পরগণার গাইঘাটার দোগাছিয়ায় বিধ্বংসী আগুনে একটি তুলোর গোডাউন সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। গতরাতে ওই গোডাউনে হঠাৎই আগুন লাগে। গুদামঘর লাগোয়া বাড়িতেই থাকেন মালিক মোহন চ্যাটার্জী। ঘটনার সময় তাঁর স্ত্রী বাড়িতে ছিলেন। কোনোরকমে ঘর থেকে বেরিয়ে প্রাণে বাঁচেন তিনি। দমকলের চারটি ইঞ্জিন প্রায় সাত ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

***********************

দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপটির আজ অতি গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। ক্রমে তা পশ্চিম-উত্তর পশ্চিমে অগ্রসর হয়ে সামুদ্রিক ঘূর্ণিঝড়ের রূপ নিয়ে আগামী মঙ্গলবার সন্ধ্যা থেকে রাতের মধ্যে অন্ধ্র উপকূলের মছলিপত্তনম ও কলিঙ্গপত্তনমের মধ্যবর্তী অংশ দিয়ে স্থলভাগ অতিক্রম করবে। মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত রাজ্যের মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।
এদিকে, এর প্রভাবে আগামীকাল থেকে রাজ্যের উপকূলীয় জেলা গলিতে বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। মঙ্গলবার দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুর জেলার দু-এক জায়গায় অতিভারি বৃষ্টি এবং কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলী, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া ও বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা।

***********************

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, ২-০ গোলে চেন্নাইয়িন এফসিকে হারিয়ে দিয়েছে। সবুজ মেরুন দলের হয়ে দুটি গোলই করেছেন জেমি ম্যাকলারেন। মোহনবাগান আগামী মঙ্গলবার পরবর্তী ম্যাচে ডেমপো স্পোর্টস ক্লাবের মুখোমুখি হবে।

***********************

ইডেনে চারদিনের রঞ্জি ট্রফি ম্যাচের আজ দ্বিতীয় দিনে গুজরাটের বিরুদ্ধে বাংলা সাত উইকেটে ২৪৪ রান নিয়ে অসমাপ্ত প্রথম ইনিংসের খেলা শুরু করবে।

**********************************************************************